

স্মারক : সিএআরবি/পক/২০২৪/১০১/৪৭

তারিখ: ১৩/০১/২০২৫খ্রিঃ


অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনেক সময় সদস্যদের সঞ্চয় ও ঋণের পাশবই হারিয়ে যায় কিংবা নষ্ট হয়ে যায়। ফলে পাশবইয়ে পোষ্টিং ছাড়াই সঞ্চয় ও ঋণ আদায় করায় শীটের সাথে পাশবইয়ে পার্থক্য পরিলক্ষিত হয় এবং কর্মী কর্তৃক অর্থ আত্মসাতের সুযোগ সৃষ্টি হয়। মাঠ পর্যায়ের সদস্যগণ নতুন একটি ডুপ্লিকেট পাশবই এ হিসাব হালনাগাদ করে নিতে চাইলেও অফিস কর্তৃক তাদেরকে ডুপ্লিকেট পাশবই না দিয়ে প্রায়শই হয়রানী করা হয়, যা অত্যন্ত দুঃখজনক ও সংস্থার ঋণ কার্যক্রম নীতিমালার চরম লঙ্ঘন। এমতাবস্থায়, যে সকল সদস্যদের পাশবই হারিয়ে বা নষ্ট হয়ে গেছে তাদের নামে পুনরায় একটি নতুন ডুপ্লিকেট পাশবই ইস্যু করার জন্য জোর নির্দেশ দেয়া যাচ্ছে। নিম্নে ডুপ্লিকেট পাশবই ইস্যুর নিয়মাবলী প্রদান করা হ'লঃ

- ১। ডুপ্লিকেট পাশবই ইস্যুর জন্য সংস্থা কর্তৃক সরবরাহকৃত আবেদন পত্রে সদস্যকে আবেদন করতে হবে।
- ২। পাশবইয়ের মূল্য বাবদ ১০/- টাকা গ্রহণ করতে হবে।
- ৩। সদস্য ভর্তি ফরমের KYC বিবরণ অনুযায়ী পাশবইটি যথাযথভাবে পূরণ করতে হবে।
- ৪। MIS এর Member Information হতে সদস্যের সঞ্চয় ও ঋণের কিস্তি পরিশোধের তথ্য যথাযথভাবে পাশবইয়ে পূরণ করতে হবে।
- ৫। সঞ্চয় দ্বারা ঋণ সমন্বয় করা হলে পাশবইয়ে কিস্তি হিসাবে পরিশোধ দেখানো যাবে না। উল্লেখ্য যে, সদস্যের আবেদনের প্রেক্ষিতে যদি সঞ্চয় দ্বারা ঋণ সমন্বয় করা হয়ে থাকে সেক্ষেত্রে পাশবইয়ে সেটি পোষ্টিং দেয়া যাবে।
- ৬। অফিস থেকে অন্য কোন উৎস থেকে কিস্তি আদায় করা হয়ে থাকলে পাশবইয়ে পোষ্টিং দেয়া যাবে না।
- ৭। ত্রৈমাসিক ব্যালেন্সিং এর সময় পাশবই ও শীটের সাথে কি কারণে পার্থক্য হয়েছে তা মন্তব্যের কলামে খাত ভিত্তিক উল্লেখ করতে হবে (যেমনঃ সঞ্চয় সমন্বয় করে আদায়, কর্মী কর্তৃক পরিশোধ, সংস্থার অন্যান্য উৎস থেকে পরিশোধ ইত্যাদি)।
- ৮। ডুপ্লিকেট শব্দটি পাশবইয়ের প্রতিটি পৃষ্ঠায় হাতে লিখে দিতে হবে অথবা সিল মেরে দিতে হবে।

অতএব, সকল সদস্যের পাশবই নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া যাচ্ছে।

মোহা. আবদুর রকিব
প্রধান নির্বাহী কর্মকর্তা
সেন্টার ফর এ্যাকশন রিসার্চ বারিন্দ “সিএআরবি”
রাজশাহী।



অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। পরিচালক (প্রশাসন), সিএআরবি, রাজশাহী।
- ২। সমন্বয়কারী (কার্যক্রম ও মানবসম্পদ), সিএআরবি, রাজশাহী।
- ৩। সহঃ সমন্বয়কারী (ট্রেনিং এন্ড ডেভলপমেন্ট, ক্ষুদ্রঋণ, অর্থ ও হিসাব) (সকল), সিএআরবি, রাজশাহী।
- ৪। ব্যবস্থাপক (অডিট, যোগাযোগ), সিএআরবি, রাজশাহী।
- ৫। এলাকা ব্যবস্থাপক (সকল), সিএআরবি, রাজশাহী।
- ৬। শাখা ব্যবস্থাপক (সকল)/পরিবীক্ষণ কর্মকর্তা, সিএআরবি, রাজশাহী।
- ৭। আইসিটি ও হিসাবরক্ষণ কর্মকর্তা/ সহঃ হিসাবরক্ষক (সকল), সিএআরবি, রাজশাহী।
- ৮। সিনিয়র/ফিল্ড অফিসার, সিএআরবি, রাজশাহী।
- ৯। অফিস কপি।

তারিখঃ

বরাবর,

শাখা ব্যবস্থাপক

কার্ব শাখা

গ্রাম/মহল্লাঃ

ডাকঘরঃ.....

উপজেলাঃ.....

জেলাঃ..... ।

বিষয়ঃ সঞ্চয় ও ঋণের পাশবই হারিয়ে যাওয়ায় নতুন একটি ডুপ্লিকেট পাশবই ইস্যুকরণ প্রসঙ্গে ।

জনাব,

যথাবিহীত সম্মানপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি আপনার শাখার.....পুরুষ/মহিলা সমিতি (কোডঃ.....) এর.....নং সদস্য । আমি গততারিখে জাগরণ/অগ্রসর/সুফলন/কৃষি ঋণ খাতেপ্রকল্পের জন্য টাকা ঋণ গ্রহণ করি । আমার সঞ্চয় ও কিস্তির পাশবইটি হারিয়ে যাওয়ায় আমি আমার সঞ্চয় ও কিস্তির হালনাগাদ হিসাব সম্পর্কে জানতে পারছি না । এমতাবস্থায়, আমার নামে একটি ডুপ্লিকেট পাশবই ইস্যু করা প্রয়োজন ।

অতএব, আমার পাশবইটি হালনাগাদ করে পুনরায় একটি নতুন ডুপ্লিকেট পাশবই ইস্যু করতে আপনার একান্ত মর্জি হয় ।

বিনীত নিবেদক,

.....

.....

.....

..... ।